

সিনিয়র সিস্টেম এনালিস্ট	
<input type="checkbox"/> সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার <input type="checkbox"/> প্রোগ্রামার <input checked="" type="checkbox"/> সিনিয়র ইঞ্জিনিয়ার <input type="checkbox"/> সিস্টেম ই-১/ সিস্টেম ই-২ <input type="checkbox"/> নথি তাইরি নং..... তারিখ ২২.৫.২১	স্বাক্ষর

রেজিস্টার্ড এ/ডি সহযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
 সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
 তদন্ত ও শৃঙ্খলা শাখা
 www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০০০.০২৮.২৭.০০৩৪.২৫-১০১

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪৩৩
 ১১ জুন, ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু জনাব আবু সাঈদ মোঃ নাজমুল হদা (পরিচিত নং-০০৫২০১), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট সড়ক জোন, সিলেট গত ০৬-১১-২০২৪ তারিখ হতে সিলেট সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী হিসেবে কর্মরত আছেন;

০২। যেহেতু তিনি '২০২২ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত সুনামগঞ্জ ও হবিগঞ্জ সড়ক বিভাগাধীন বিভিন্ন সড়ক, সেতু ও কালভার্টসমূহের জরুরি পুনর্বাসন ও পুনঃনির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় প্যাকেজ নম্বর WP-03 (Package No-e-GP-14/DEV/ACE/SZ/SUN/2023-2024, Tender ID-976144 এবং প্যাকেজ নম্বর WP-06 (Package No-e-GP-17/DEV/ACE/SZ/SUN/2023-2024, Tender ID-981735 এর কাজের ক্রয় প্রক্রিয়াকরণে ক্রয় সংক্রান্ত আইন ও বিধিমালার ব্যত্যয় ঘটিয়েছেন;

০৩। যেহেতু তিনি দরপত্র মূল্যায়নে পিপিআর, ২০০৮-এর তফসিল-৩ (অংশ-ক) লঙ্ঘনপূর্বক ২৮ দিনের পরিবর্তে যথাক্রমে ২৪৮ দিন ও ২২০ দিন সময় অতিবাহিত করেছেন;

০৪। যেহেতু ক্রয় প্রক্রিয়াকরণে ক্রয় সংক্রান্ত আইন ও বিধিমালার ব্যত্যয়, দরপত্র মূল্যায়নে পিপিআর, ২০০৮-এর তফসিল-৩ (অংশ-ক) লঙ্ঘন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করার কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে ০৪/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। একইসাথে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করে তাকে কেন চাকরি হতে বরখাস্ত করা হবে না বা অন্য কোনো উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না এবং তিনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কি-না তা অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়;

০৫। যেহেতু তার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে তিনি জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন। অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানির বক্তব্য এবং বিভাগীয় মামলার নথি পর্যালোচনান্তে তার বিরুদ্ধে ক্রয় প্রক্রিয়াকরণে ক্রয় সংক্রান্ত আইন ও বিধিমালার ব্যত্যয় এবং দরপত্র মূল্যায়নে পিপিআর, ২০০৮-এর তফসিল-৩ (অংশ-ক) লঙ্ঘন এর বিষয়ে আনীত "অসদাচরণ"-এর অভিযোগের সত্যতা পাওয়া যায়;

০৬। যেহেতু জনাব আবু সাঈদ মোঃ নাজমুল হদা (পরিচিত নং-০০৫২০১), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট সড়ক জোন, সিলেট এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ; এবং

০৭। সেহেতু অভিযুক্ত কর্মকর্তা জনাব আবু সাঈদ মোঃ নাজমুল হদা (পরিচিত নং-০০৫২০১), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট সড়ক জোন, সিলেট-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) মোতাবেক "তিরস্কার" (Censure) সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সিনিয়র সিস্টেম এনালিস্ট	
<input type="checkbox"/> সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার <input type="checkbox"/> প্রোগ্রামার <input checked="" type="checkbox"/> সিনিয়র ইঞ্জিনিয়ার <input checked="" type="checkbox"/> সিস্টেম ই-১/ সিস্টেম ই-২ <input type="checkbox"/> নথি তাইরি নং..... তারিখ ২২.৫.২১	স্বাক্ষর

রাষ্ট্রপতির আদেশক্রমে
 (ড. মোহাম্মদ জিয়াউল হক)
 সচিব

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
- ০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
- ০৫। সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা ঢাকা
- ০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৭। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তার PDS-এ অন্তর্ভুক্ত করার অনুরোধসহ)
- ০৮। জনাব আবু সাঈদ মোঃ নাজমুল হুদা (পরিচিতি নং-০০৫২০১), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট সড়ক জোন, সিলেট
- ০৯। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
- ১০। উপসচিব (সেওজ গেজেটেড সংস্থাপন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)
- ১১। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১২। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
- ১৫। অফিস কপি

